

শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ শিশু একাডেমি  
পিরোজপুর।



[www.shishuacademy.pirojpur.gov.bd](http://www.shishuacademy.pirojpur.gov.bd)

স্মারক নং-বিএসএ/পিরোজ/২০২০/৯৪ (৬০)

২৪ অগ্রহায়ণ ১৪২৭

তারিখ -----

০৯ ডিসেম্বর ২০২০

বিষয় : শহীদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচীতে অংশ গ্রহণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেফিকিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি, পিরোজপুর জেলা কার্যালয়ের উদ্যোগে শহীদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে স্থানীয় শিশুদের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

**কর্মসূচী নিম্নরূপ :**

<p><b>শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২০ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা :</b> বিভাগ-গ : ৮ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : বিষয় : “ স্বাধীনতা ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ” (৪০০ শব্দের মধ্যে লিখতে হবে) প্রতিযোগির নাম, পিতার নাম, মাতার নাম, বিদ্যালয়ের নাম, শ্রেণি এবং অভিভাবকের মোবাইল নম্বরসহ স্বহস্তে লিখিত রচনা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় (জেলা শিল্পকলা একাডেমি ভবন ৩য় তলা) আগামী ১৪/১২/২০২০খ্রিঃ তারিখ বিকাল ০৪ : ০০ ঘটিকার মধ্যে ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে। ( A4 সাইজ সাদা কাগজে রচনা লিখতে হবে )</p>
<p><b>মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতা</b> বিভাগ-ক : শিশু শ্রেণি থেকে ৩য় শ্রেণি ( বিষয় : উন্মুক্ত ), বিভাগ-খ : ৪র্থ থেকে ৭ম শ্রেণি । বিষয়ঃ আমাদের মুক্তিযুদ্ধ আঁকা ছবির অপর পাতায় প্রতিযোগির নাম, পিতার নাম, মাতার নাম, বিদ্যালয়ের নাম, শ্রেণি এবং অভিভাবকের মোবাইল নম্বরসহ আঁকা ছবি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় (জেলা শিল্পকলা একাডেমি ভবন ৩য় তলা) আগামী ১৪/১২/২০২০খ্রিঃ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে। ( ছবি আঁকার কাগজের সাইজ ১১” x ১৪” )</p>
<p>শহীদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে আগামী ১৫/১২/২০২০খ্রিঃ তারিখ সকাল ১০-০০ ঘটিকায় বাংলাদেশ শিশু একাডেমি পরিচালিত প্রাক-প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে (ছোট বলিশাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়, পিরোজপুর) শিশুদের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়েছে।</p>
<p>আগামী ১৬/১২/২০২০খ্রিঃ তারিখ সকাল ১০ : ০০টা আলোচনা সভা, পুরস্কার বিতরণ অনুষ্ঠান। স্থান : শহীদ আব্দুর রাজ্জাক-সাইফ মিজান স্মৃতি সভাকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর।</p>

উপরোক্ত কর্মসূচীতে আপনার প্রতিষ্ঠানের ব্যাপক সংখ্যক শিশু যাতে অংশ গ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

প্রাপক :  
শেখ মুজিবুর রহমান  
পিরোজপুর

  
০৯/১২/২০২০

(মোঃ আবুল আলম)

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (অ: দা:)

পিরোজপুর।

ই-মেইল : [bsapirojpur@gmail.com](mailto:bsapirojpur@gmail.com)

ফোন নম্বর : ০৪৬১-৬২৪৫৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২. জেলা প্রশাসক, পিরোজপুর
৩. পুলিশ সুপার, পিরোজপুর
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) পিরোজপুর।
৫. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর। ( অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো )
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিরোজপুর। ( অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো )
৭. -----
৮. অফিস নথি।